

হযরত মির্যা মসরুর আহমদ সাম্প্রতিক সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়ে বিবৃতি

তিউনিসিয়া, ফ্রান্স, এবং কুয়েতে গত সপ্তাহের সন্ত্রাসী হামলার পর নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামা' তের ৫ম খলিফা হযরত মির্যা মসরুর আহমদ (আই) বলেন:

আহমদীয়া মুসলিম জামা' ত গত সপ্তাহের সন্ত্রাসী হামলার প্রতি এবং প্রকৃতপক্ষে সকল প্রকার সন্ত্রাসবাদ এবং চরমপন্থার প্রতি দ্ব্যর্থহীন তীব্র নিন্দা জ্ঞাপন করে।

এই পৃথিবীতে এ ধরনের আক্রমণের কোন স্থান নেই এবং এটি ইসলামের প্রকৃত শান্তিপূর্ণ শিক্ষার সম্পূর্ণ পরিপন্থী। প্রত্যেক সত্য ও শান্তিপ্ৰিয় মুসলমানকে এটি ব্যথিত করে যে, এসব অপরাধের অপরাধীরা তাদের এসকল প্রতিহিংসামূলক ও নিষ্ঠুর কর্মকাণ্ডের যথার্থতা ইসলাম এবং এর নবীর (সা.) নামে আরোপ করে।

আহমদীয়া মুসলিম জামা' তের পক্ষে, আমি সব ক্ষতিগ্রস্তদের এবং তাদের পরিবারের সবাইকে আমার হৃদয় নিংড়ানো সহানুভূতি জানাচ্ছি এবং তাদের জন্য দোয়া করছি। এই কঠিন সময়ে আল্লাহ তাদের ধৈর্য্য দান করুন।



Ahmadiyya Muslim Jamaat
INTERNATIONAL



Ahmadiyya Muslim Jamaat
INTERNATIONAL